গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ পুলিশ
রাজশাহী মেট্রোপলিটন পুলিশ হেডকোয়ার্টার্স
কাজিহাটা, রাজশাহী-৬০০০
www.rmp.gov.bd

স্মারক নং-৪৪.০১.০০০০.৯৮৮.৫৬.০৩২.২০.১৭৬৩

তারিখ: ১৮ মার্চ ২০২৬ খ্রি.

# গণবিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আসন্ন পবিত্র ঈদ-উল-ফিতর এর পবিত্রতা রক্ষা ও ধর্মীয় ভাবগাম্ভীর্যের সাথে উদযাপন নিশ্চিতকল্পে রাজশাহী মহানগর এলাকার শান্তি-শৃঙ্খলা রক্ষা করার নিমিত্ত আমি নিম্নস্বাক্ষরকারী রাজশাহী মেট্রোপলিটন পুলিশ আইন-১৯৯২ এর ২৬(ঢ), ২৯ (১) এর (ক), ২৯ (১) এর (খ) এবং ৩৩ এর (ক), (খ), (গ) ও (ঘ) ধারার অর্পিত ক্ষমতাবলে রাজশাহী মহানগর এলাকায় আগামী ১৯ মার্চ ২০২৬ খ্রি. সন্ধ্যা ৬টা থেকে ২৬ মার্চ ২০২৬ খ্রি. সকাল ৬টা পর্যন্ত সকল প্রকার অস্ত্রশস্ত্র বহন, আতশবাজি, পটকা ফুটানো, বাইক রেসিং, ডিজে পার্টি, লাউড স্পিকার, বিস্ফোরক দ্রব্য বহন, সংরক্ষণ, ক্রয়-বিক্রয় ও ব্যবহার নিষিদ্ধ ঘোষণা করলাম। এছাড়া উল্লিখিত সময়ে অনুমোদিত বারসমূহ বন্ধ রাখার নির্দেশ প্রদান করা হলো। আইন অমান্যকারীদের বিরুদ্ধে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

ড. মোঃ জিল্লুর রহমান
বিপি-৭৩৯৯০০৮১৯১
পুলিশ কমিশনার
রাজশাহী মেট্রোপলিটন পুলিশ, রাজশাহী।
ফোনঃ ০২৫৮৮৮০১৩০১, ফ্যাক্সঃ ০২৫৮৮৮০১৩০২
E-mail : pcrmp@police.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ পুলিশ
রাজশাহী মেট্রোপলিটন পুলিশ হেডকোয়ার্টার্স
কাজিহাটা, রাজশাহী-৬০০০
www.rmp.gov.bd

# সাধারণ নির্দেশনা

সম্মানিত রাজশাহী মহানগরবাসী,রাজশাহী মেট্রোপলিটন পুলিশের পক্ষ থেকে পবিত্র ঈদ-উল-ফিতর এর শুভেচ্ছা। পবিত্র ঈদ-উল-ফিতর উৎসবমুখর ও নিরাপদ পরিবেশে উদযাপনে রাজশাহী মেট্রোপলিটন পুলিশের পক্ষ থেকে বাসা-বাড়ি, বিভিন্ন প্রতিষ্ঠান ও বিপণিবিতানের সার্বিক নিরাপত্তায় সকল ধরনের নিরাপত্তামূলক প্রস্তুতি নেওয়া হয়েছে। সচেতন নাগরিক হিসেবে ঈদের উৎসবকে আনন্দময় ও সকলের জন্য নিরাপদ করার জন্য আপনার সার্বিক সহযোগিতা কামনা করি। এ লক্ষ্যে নিম্নবর্ণিত পদক্ষেপ গ্রহণ করার জন্য রাজশাহী মেট্রোপলিটন পুলিশের পক্ষ থেকে অনুরোধ জানানো যাচ্ছে:

• বাসা-বাড়ি, অ্যাপার্টমেন্ট, ব্যাংক-বীমাসহ বিভিন্ন প্রতিষ্ঠান ও বিপণিবিতানের নিরাপত্তার দায়িত্বে নিয়োজিত নিরাপত্তা রক্ষীদের ডিউটি জোরদার করতে হবে। যেকোনো অবৈধ অনুপ্রবেশ রোধে দিনরাত ২৪ ঘণ্টা নজরদারির ব্যবস্থা রাখতে হবে। সার্বিক নিরাপত্তা ব্যবস্থা তদারকি করার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা নিতে হবে। প্রতিষ্ঠানের সব কর্মকর্তা-কর্মচারীকে একসঙ্গে ছুটি না দিয়ে একটি অংশকে দায়িত্বপালনে নিয়োজিত রাখা যেতে পারে, যাতে তারা প্রতিষ্ঠানের নিরাপত্তার সার্বিক তদারকি করতে পারেন।

• বাসা-বাড়ি ও প্রতিষ্ঠান ছাড়ার আগে দরজা-জানালা সঠিকভাবে তালা মেরে যেতে হবে। প্রয়োজনে একাধিক তালা ব্যবহার করা যেতে পারে। দরজা-জানালা দুর্বল অবস্থায় থাকলে তা মেরামত করে যথাসম্ভব সুরক্ষিত করতে হবে।

• বাসা-বাড়ি, বিভিন্ন প্রতিষ্ঠান ও বিপণিবিতানে পর্যাপ্ত সংখ্যক সিসি ক্যামেরা বসানো এবং সেগুলো সচল রাখার ব্যবস্থা নিশ্চিত করতে হবে।

• বাসা-বাড়ির মূল দরজায় অটোলক ও নিরাপত্তা এ্যালার্মযুক্ত তালা ব্যবহার করা যেতে পারে।

• রাতে বাসা ও প্রতিষ্ঠানের চারপাশ পর্যাপ্ত আলোকিত রাখার ব্যবস্থা করতে হবে।

• অর্থ, মূল্যবান সামগ্রী ও দলিল নিরাপদ স্থানে বা নিকট আত্মীয়ের হেফাজতে রেখে যেতে হবে। প্রয়োজনে ব্যাংক লকারের সহায়তা নেওয়া যেতে পারে।

• বাসা-বাড়ি ছাড়ার আগে প্রতিবেশী বা পাশের ফ্ল্যাটের বাসিন্দাদের বাসার দিকে খেয়াল রাখতে অনুরোধ করতে হবে। ফোনে তাদের সঙ্গে নিয়মিত যোগাযোগ রাখতে হবে।

• ভাড়াটিয়ারা আগেই বাসার মালিককে ঈদ উপলক্ষে বাসায় না থাকার বিষয়টি জানাবেন।

• অনুমতি ছাড়া কেউ যেন বাসা বা প্রতিষ্ঠানে ঢুকতে না পারে, এ বিষয়ে বাসা বা প্রতিষ্ঠানের নিরাপত্তাকর্মীকে সতর্ক করতে হবে ও প্রয়োজনীয় নির্দেশনা দিতে হবে।

• বাসা-বাড়ি বা প্রতিষ্ঠান ছাড়ার আগে লাইট, ফ্যানসহ অন্যান্য ইলেকট্রিক লাইনের সুইচ, পানির ট্যাপ, গ্যাসের চুলা ইত্যাদি বন্ধ করা হয়েছে কিনা তা নিশ্চিত করতে হবে।

• বাসা বা প্রতিষ্ঠানের গাড়ির গ্যারেজ সুরক্ষিত রাখতে হবে।

• বাসার জানালা-দরজার পাশে কোনো গাছ থাকলে অবাঞ্ছিত শাখা-প্রশাখা কেটে ফেলতে হবে যাতে অপরাধীরা গাছের শাখা-প্রশাখা ব্যবহার করে বাসায় ঢুকতে না পারে।

• মহল্লায় বা বাড়ির সামনে সন্দেহজনক কাউকে বা কোনো দুষ্কৃতকারীকে ঘোরাফেরা করতে দেখলে স্থানীয় পুলিশ ফাঁড়ি ও থানাকে জানাতে হবে।

• ঈদে মহল্লা বা বাসায় কোনো অপ্রীতিকর ঘটনা ঘটে থাকলে বা ঘটার সম্ভাবনা থাকলে তা স্থানীয় পুলিশ ফাঁড়ি ও থানাকে জানাতে হবে।

• জরুরি প্রয়োজনে পুলিশি সহায়তার জন্য আরএমপি হটলাইন: ০১৩২০০৬৩৯৯৯ ও আরএমপি কন্ট্রোল রুমে যোগাযোগ করা যাবে ০১৩২০০৬৩৯৯৮ নম্বরে।

এ ছাড়া জাতীয় জরুরি সেবা ৯৯৯ এর মাধ্যমেও পুলিশের সেবা পাওয়া যাবে।

২৭/০৩/২০২৪

ড. মোঃ জিল্লুর রহমান
বিপি-৭৩৯৯০০৮১৯১
পুলিশ কমিশনার
রাজশাহী মেট্রোপলিটন পুলিশ, রাজশাহী।
ফোনঃ ০২৫৮৮৮০১৩০১, ফ্যাক্সঃ ০২৫৮৮৮০১৩০২

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ পুলিশ
রাজশাহী মেট্রোপলিটন পুলিশ হেডকোয়ার্টার্স
কাজিহাটা, রাজশাহী-৬০০০
www.rmp.gov.bd

## গণবিজ্ঞপ্তি

স্মারক নং-৪৪.০১.০০০০.৯৮৮.৫৬.০৩২.২০. ২৬২ তারিখ:০৭ ফেব্রুয়ারি ২০২৬ খ্রি.

এতদ্বারা রাজশাহী মহানগরী এলাকার সর্ব সাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আগামী ১২ ফেব্রুয়ারি ২০২৬খ্রি. ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন ও গণভোট অনুষ্ঠিত হবে। উক্ত নির্বাচন উপলক্ষে নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকার স্মারক নং-১৭.০০.০০০০.০৩৪.৩৬.০১৭.২৫(অংশ-২)-১০০ তারিখ: ২৭ জানুয়ারি ২০২৬ খ্রি. ও সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, বিআরটিএ সংস্থাপন শাখার স্মারক নং-৩৫.০০.০০০০.০২০.০০৯.০১.২৬-৫২ তারিখ: ০১-০২-২০২৬খ্রি. মূলে জারিকৃত প্রজ্ঞাপনের নির্দেশনা মোতাবেক রাজশাহী মেট্রোপলিটন এলাকায় ভোট গ্রহণের জন্য নির্ধারিত দিবসের পূর্ববর্তী মধ্যরাত অর্থাৎ ১১ ফেব্রুয়ারি ২০২৬ খ্রি. মধ্যরাত ১২.০০ ঘটিকা হতে ১২ ফেব্রুয়ারি ২০২৬ খ্রি. মধ্যরাত ১২.০০ ঘটিকা পর্যন্ত নিম্নোক্ত যানবাহন চলাচলের উপর নিষেধাজ্ঞা আরোপ করা হলো:

(১) ট্যাক্সি ক্যাব (২) পিক আপ (৩) মাইক্রোবাস (৪) ট্রাক

এছাড়া ১০ ফেব্রুয়ারি ২০২৬ খ্রি. দিবাগত মধ্যরাত ১২.০০ ঘটিকা হতে ১৩ ফেব্রুয়ারি ২০২৬ খ্রি. তারিখ মধ্যরাত পর্যন্ত সকল ধরণের মোটর সাইকেল চলাচলের উপর নিষেধাজ্ঞা আরোপ করা হলো।

এ নিষেধাজ্ঞা নিম্নেবর্ণিত ক্ষেত্রে শিথিলযোগ্য হবেঃ

(ক) আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী, সশস্ত্র বাহিনী, প্রশাসন ও অনুমতিপ্রাপ্ত পর্যবেক্ষক;

(খ) জরুরী সেবা কাজে নিয়োজিত যানবাহন এবং ঔষধ, স্বাস্থ্য-চিকিৎসা ও অনুরূপ কাজে ব্যবহৃত দ্রব্যাদি ও সংবাদপত্র বহণকারী সকল ধরনের যানবাহন;

(গ) আত্মীয়-স্বজনের জন্য বিমানবন্দরে যাওয়া, বিমানবন্দর হতে যাত্রী বা আত্মীয়-স্বজনসহ নিজ বাসস্থানে অথবা আত্মীয়-স্বজনের বাসায় ফিরে যাওয়ার জন্য ব্যবহৃত যানবাহন (টিকেট বা অনুরূপ প্রমাণ প্রদর্শন) এবং দূরপাল্লার যাত্রী বহনকারী অথবা দূরপাল্লার যাত্রী হিসেবে স্থানীয় পর্যায়ে যাতায়াতের জন্য যে কোন যানবাহন;

(ঘ) প্রতিদ্বন্দ্বী প্রার্থীর জন্য ১টি, প্রতিদ্বন্দ্বী প্রার্থীর নির্বাচনি এজেন্ট( নিয়োগপত্র/পরিচয়পত্র সাপেক্ষে) এর জন্য ১টি গাড়ী (জীপ, কার, মাইক্রোবাস ইত্যাদি ছোট আকৃতির যানবাহন) রিটার্নিং অফিসারের অনুমোদন ও গাড়ীতে স্টীকার প্রদর্শন সাপেক্ষে ;

(ঙ) সাংবাদিক, পর্যবেক্ষক অথবা জরুরি কোন কাজে ব্যবহৃত যানবাহন/মোটর সাইকেল রিটার্নিং অফিসারের অনুমোদন সাপেক্ষে;

(চ) নির্বাচন কমিশনের অনুমোদন সাপেক্ষে নির্বাচনি কাজে নিয়োজিত কর্মকর্তা/ কর্মচারি অথবা অন্য কোন ব্যক্তির জন্য মোটরসাইকেল চলাচল;

(ছ) টেলিযোগাযোগ সেবাকে জরুরি সেবা হিসেবে বিবেচনা করে বিটিআরসি এবং বিটিআরসি হতে লাইসেন্সপ্রাপ্ত প্রতিষ্ঠানসমূহের যানবাহন

(জ) জাতীয় মহাসড়ক (Highways),বন্দরছাড়াও আন্তঃজেলা বা মহানগর থেকে বাহির বা প্রবেশের জন্য গুরুত্বপূর্ণ সড়ক, মহাসড়ক ও প্রধান প্রধান রাস্তার সংযোগ সড়ক বা উক্তরূপ সকল রাস্তায় যানবাহন চলাচলের ক্ষেত্রে এ নিষেধাজ্ঞা প্রযোজ্য হবে না।

এ আদেশ জনস্বার্থে জারী করা হলো। আইন অমান্যকারীদের বিরুদ্ধে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

07/02/2026

ড./মোঃ জিল্লুর রহমান
বিপি-৭৩৯৯০০৮১৯১
পুলিশ কমিশনার
রাজশাহী মেট্রোপলিটন পুলিশ, রাজশাহী।
ফোনঃ ০২৫৮৮৮০১৩০১, ফ্যাক্সঃ ০২৫৮৮৮০১৩০২
E-mail : pcrmp@police.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ পুলিশ
রাজশাহী মেট্রোপলিটন পুলিশ হেডকোয়ার্টার্স
কাজিহাটা, রাজশাহী-৬০০০
www.rmp.gov.bd

## গণবিজ্ঞপ্তি

স্মারক নং-৪৪.০১.০০০০.৯৮৮.৫৬.০৩২.২০. ৯৫৭ তারিখ: ০৭ ফেব্রুয়ারি ২০২৬ খ্রি.

এতদ্বারা রাজশাহী মহানগরী এলাকার সর্ব সাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আগামী ১২ ফেব্রুয়ারি ২০২৬খ্রি. ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন ও গণভোট অনুষ্ঠিত হবে। উক্ত নির্বাচন উপলক্ষে নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকার স্মারক নং-১৭.০০.০০০০.০৩৪.৩৬.০১৭.২৫(অংশ-২)-১০১ তারিখ: ২৭ জানুয়ারি ২০২৬ খ্রি. মূলে জারিকৃত প্রজ্ঞাপনের নির্দেশনা মোতাবেক রাজশাহী মেট্রোপলিটন এলাকায় ভোট গ্রহণের জন্য নির্ধারিত দিবসের পূর্ববর্তী মধ্যরাত অর্থাৎ ১১ ফেব্রুয়ারি ২০২৬ খ্রি. মধ্যরাত ১২.০০ ঘটিকা হতে ১২ ফেব্রুয়ারি ২০২৬ খ্রি. মধ্যরাত ১২.০০ ঘটিকা পর্যন্ত নিম্নোক্ত নৌ-যান চলাচলের উপর নিষেধাজ্ঞা আরোপ করা হলো:

- লঞ্চ, ইঞ্জিন বোট(নির্দিষ্ট রুটে চলাচলকারী ব্যতীত)

এ নিষেধাজ্ঞা রিটার্নিং অফিসারের অনুমতি সাপেক্ষে প্রতিদ্বন্দ্বী প্রার্থী/তাদের নির্বাচনি এজেন্ট, দেশি/বিদেশি পর্যবেক্ষকদের (পরিচয়পত্র থাকতে হবে) ক্ষেত্রে শিথিলযোগ্য। সেই সাথে নির্বাচনের সংবাদ সংগ্রহের কাজে নিয়োজিত দেশি/বিদেশি সাংবাদিক (পরিচয়পত্র থাকতে হবে), নির্বাচনের কাজে নিয়োজিত কর্মকর্তা-কর্মচারি, আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সদস্য এবং কতিপয় জরুরি কাজ যেমন-এ্যাম্বুলেন্স, ফায়ার সার্ভিস, বিদ্যুৎ,গ্যাস, ডাক, টেলিযোগাযোগ ইত্যাদি কার্যক্রমে ব্যবহারের জন্যে এবং জরুরি পণ্য সরবরাহসহ অন্যান্য জরুরি প্রয়োজনে উল্লিখিত নৌ-যান চলাচলের ক্ষেত্রে উক্ত নিষেধাজ্ঞা প্রযোজ্য হবে না। তাছাড়া ভোটার ও জনসাধারণের চলাচলের মাধ্যম হিসেবে নৌ-যান চলাচলের ক্ষেত্রে নিষেধাজ্ঞা প্রযোজ্য হবে না।

এ আদেশ জনস্বার্থে জারী করা হলো। আইন অমান্যকারীদের বিরুদ্ধে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

07/02/2026

ড. মোঃ জিল্লুর রহমান
বিপি-৭৩৯৯০০৮১৯১
পুলিশ কমিশনার
রাজশাহী মেট্রোপলিটন পুলিশ, রাজশাহী।
ফোনঃ ০২৫৮৮৮০১৩০১, ফ্যাক্সঃ ০২৫৮৮৮০১৩০২
E-mail : pcrmp@police.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ পুলিশ
রাজশাহী মেট্রোপলিটন পুলিশ হেডকোয়ার্টার্স
কাজিহাটা, রাজশাহী-৬০০০
www.rmp.gov.bd

স্মারক নং-৪৪.০১.০০০০.৯৮৮.৫৬.০৩২.২০.১৭৬৩ তারিখ: ১৮ মার্চ ২০২৬ খ্রি.

# গণবিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আসন্ন পবিত্র ঈদ-উল-ফিতর এর পবিত্রতা রক্ষা ও ধর্মীয় ভাবগাম্ভীর্যের সাথে উদযাপন নিশ্চিতকল্পে রাজশাহী মহানগর এলাকার শান্তি-শৃঙ্খলা রক্ষা করার নিমিত্ত আমি নিম্নস্বাক্ষরকারী রাজশাহী মেট্রোপলিটন পুলিশ আইন-১৯৯২ এর ২৬(ঢ), ২৯ (১) এর (ক), ২৯ (১) এর (খ) এবং ৩৩ এর (ক), (খ), (গ) ও (ঘ) ধারার অর্পিত ক্ষমতাবলে রাজশাহী মহানগর এলাকায় আগামী ১৯ মার্চ ২০২৬ খ্রি. সন্ধ্যা ৬টা থেকে ২৬ মার্চ ২০২৬ খ্রি. সকাল ৬টা পর্যন্ত সকল প্রকার অস্ত্রশস্ত্র বহন, আতশবাজি, পটকা ফুটানো, বাইক রেসিং, ডিজে পার্টি, লাউড স্পিকার, বিষ্ফোরক দ্রব্য বহন, সংরক্ষণ, ক্রয়-বিক্রয় ও ব্যবহার নিষিদ্ধ ঘোষণা করলাম। এছাড়া উল্লিখিত সময়ে অনুমোদিত বারসমূহ বন্ধ রাখার নির্দেশ প্রদান করা হলো। আইন অমান্যকারীদের বিরুদ্ধে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

ড. মোঃ জিল্লুর রহমান
বিপি-৭৩৯৯০০৮১৯১
পুলিশ কমিশনার
রাজশাহী মেট্রোপলিটন পুলিশ, রাজশাহী।
ফোনঃ ০২৫৮৮৮০১৩০১, ফ্যাক্সঃ ০২৫৮৮৮০১৩০২
E-mail : pcrmp@police.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ পুলিশ
রাজশাহী মেট্রোপলিটন পুলিশ হেডকোয়ার্টার্স
কাজিহাটা, রাজশাহী-৬০০০
www.rmp.gov.bd

## গণবিজ্ঞপ্তি

স্মারক নং-৪৪.০১.০০০০.৯৮৮.৫৬.০৩২.২০. ১৬২৭ তারিখ: ২৫ ফেব্রুয়ারি ২০২৬ খ্রি.

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আগামী ২৭ ফেব্রুয়ারি ২০২৬ খ্রি. তারিখ সকাল ১০.০০ ঘটিকা হতে বেলা ১১.১৫ ঘটিকা পর্যন্ত রাজশাহী মহানগরীর নিম্নবর্ণিত ০৪টি পরীক্ষা কেন্দ্রে বাংলাদেশ নার্সিং ও মিডওয়াইফারি কাউন্সিল এর নিয়ন্ত্রণাধীন ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষের বিএসসি ইন নার্সিং, ডিপ্লোমা ইন নার্সিং সায়েন্স এন্ড মিডওয়াইফারী এবং ডিপ্লোমা ইন মিডওয়াইফারি কোর্সের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে। উক্ত পরীক্ষা সুষ্ঠুভাবে ও নির্বিঘ্নে সম্পন্নের লক্ষ্যে পরীক্ষা কেন্দ্রের আইন-শৃঙ্খলা রক্ষা করার নিমিত্ত আমি নিম্নস্বাক্ষরকারী রাজশাহী মেট্রোপলিটন পুলিশ আইন-১৯৯২ এর ২৯ (ক), ২৯ (খ), ৩০ ধারার অর্পিত ক্ষমতাবলে আগামী ২৭ ফেব্রুয়ারি ২০২৬ খ্রি. পরীক্ষা চলাকালীন সময়ের আধাঘন্টা পূর্ব হতে অর্থাৎ সকাল ৯.৩০ ঘটিকা হতে বেলা ১১.৪৫ ঘটিকা পর্যন্ত উল্লিখিত পরীক্ষা কেন্দ্রসমূহের চতুর্দিকে ২০০ (দুইশত) গজের মধ্যে সকল প্রকার মিছিল, মিটিং, সমাবেশ, বিক্ষোভ প্রদর্শন, মাইকিং, বিস্ফোরক দ্রব্য ও অস্ত্রশস্ত্র বহন নিষিদ্ধ ঘোষণা করলাম। আইন অমান্যকারীদের বিরুদ্ধে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

পরীক্ষার কেন্দ্রসমূহঃ

(১) রাজশাহী নার্সিং কলেজ, রাজশাহী।
(২) রাজশাহী মেডিকেল কলেজ, রাজশাহী।
(৩) রাজশাহী কলেজ, রাজশাহী।
(৪) রাজশাহী গভ. ওমেনস কলেজ, রাজশাহী।

25.02.26.
মোঃ আল মামুন
বিপি-৭৭০৫১০০৯৯৬
উপ-পুলিশ কমিশনার (মতিহার)
(অতিরিক্ত ডিআইজি সুপারনিউমারারি পদে পদোন্নতিপ্রাপ্ত)
পুলিশ কমিশনার (সাময়িক দায়িত্বে)
রাজশাহী মহানগর পুলিশ, রাজশাহী।
E-mail : pcrmp@police.gov.bd